সংবাদ

তারিখ ... 2 JUL 2000
পৃষ্ঠা ... ১ কোলাম ... ৬

# ইংরেজি : গাজীপুর স্টাইল

নিজস্ব বার্তা পরিবেশক

প্রাথমিক পরীক্ষার এক প্রশ্নপত্রে অর্ধশতাধিক ভুল! বিস্ময়কর এ ঘটনাটি ঘটেছে গাজীপুর সদর উপজেলায়। ওই এলাকায় ৫ম শ্রেণীর ১ম সাময়িক পরীক্ষার একটি প্রশ্নপত্রে ৫০টিরও বেশি ভুল ধরা পড়েছে। প্রশ্নটি উপজেলা শিক্ষা অফিস থেকে সরবরাহ করা হয়। প্রশ্নপত্রে ভুলের বিষয়টি স্বীকার করে নিয়েছেন গাজীপুর সদর উপজেলা শিক্ষা কর্মকর্তা মোফাজ্জল হোসেন। আগামী ১০ দিনের মধ্যে নতুন প্রশ্নপত্র তৈরি করে সংশ্লিষ্ট স্কুলগুলোতে আবারও ইংরেজি পরীক্ষাটি নেয়া হবে বলে তিনি 'সংবাদ'কে জানিয়েছেন। জানা গেছে, এপ্রিলের ৩য় সপ্তাহে গাজীপুর সদর এলাকার প্রাথমিক স্কুলগুলোতে ৫ম শ্রেণীর ইংরেজি পরীক্ষা অনুষ্ঠিত হয়। ১০০ পূর্ণমানের ওই প্রশ্নপত্রে ইংরেজি বানান ও দাড়ি-কমাসহ ভুলের সংখ্যা পঞ্চাশের অধিক। প্রশ্নপত্রের শিরোনামে গাজীপুর বানান লেখা হয়েছে ইংরেজিতে Gaxipur। ইংরেজি বর্ণ জেড-এর স্থলে লেখা হয়েছে এক্স। এমন কি মানুষ

স্টাইল : পৃষ্ঠা : ১১ ক : ২

## স্টাইল : গাজীপুর

(১ম পৃষ্ঠার পর)

গড়ার কারিগর 'শিক্ষক'-এর ইংরেজি বানান Teacher-এর স্থলে লেখা হয়েছে 'teacheh'-যার কোন অর্থই খুঁজে পাওয়া যায়নি অভিধান ঘেঁটে। বানান ভুলের এমন খতিয়ান রয়েছে পুরো প্রশ্নপত্র জুড়েই। এতে Paragraph-কে paragrough, Bus-কে Lous, Goes-কে Goes, Does-কে Dose, Write-কে writh, Have-কে Love, Always-কে Alwas এবং Back-এর স্থলে লেখা হয়েছে Bak।

এক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে করা প্রশ্নপত্রে এমন ভুলের বাহার দেখে দেশের শিক্ষা ব্যবস্থার মান নিয়ে প্রশ্ন তুলেছেন সংশ্লিষ্ট এলাকার অভিভাবকরা। এ ব্যাপারে গাজীপুর সদর উপজেলা শিক্ষা কর্মকর্তা মোফাজ্জল হোসেন বলেন, প্রশ্নপত্র ছাপাতে দিয়ে তিনি ১০ দিনের প্রশিক্ষণে চলে যান। তার পক্ষে সহকারী শিক্ষা কর্মকর্তা শরীফুল ইসলাম প্রশ্নপত্র সংশোধন করে ছাপাখানায় জমা দিলেও ছাপাখানা সংশোধন ছাড়াই প্রশ্নপত্র ছাপিয়ে দেয়।